**মিডিয়া বিজ্ঞপ্তি**

# সামিট পাওয়ার লিমিটেডের বরিশাল এবং নারায়নগঞ্জ ইউনিট ২ ইনটিগ্রেটেড ম্যানেজমেন্ট সিস্টেম (IMS) সনদ পেল ব্যুরো ভেরিটাস থেকে




*ফটো ক্যাপশন: সামিট পাওয়ারের ম্যানেজিং ডিরেক্টর লেঃ জেঃ (অবঃ) ইঞ্জিঃ আবদুল ওয়াদুদের হাতে বরিশাল এবং নারায়নগঞ্জ ইউনিট ২ এর ইনটিগ্রেটেড ম্যানেজমেন্ট সিস্টেম (IMS) সনদ তুলে দেন ব্যুরো ভেরিটাস –এর কান্ট্রি ম্যানেজার সোহেল আজাদ।*

**(ঢাকা) ২২শে জুলাই ২০১৮, রবিবার:** আজ পুঁজিবাজারে তালিকাভূক্ত দেশের বৃহত্তম স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারি প্রতিষ্ঠান সামিট পাওয়ারের দুই সহযোগি প্রতিষ্ঠান সামিট বরিশাল পাওয়ার লিমিটেড এবং সামিট নারায়নগঞ্জ পাওয়ার ইউনিট ২ লিমিটেড ইনটিগ্রেটেড ম্যানেজমেন্ট সিস্টেম (IMS) সনদ লাভ করেছে। আইএমএস (IMS) সনদে রয়েছে পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি (EMS)-আইএসও ১৪০০১:২০১৫, গুণগত ব্যবস্থাপনা পদ্ধতি (QMS)- আইএসও ৯০০১:২০১৫, এবং পেশাগত স্বাস্থ্য ও উত্তম নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি (OHSAS)- ওএইচএসএএস ১৮০০১:২০০৭ । এই সনদ অর্জন সামিটের অব্যহত ব্যবসায়িক কার্যদক্ষতা এবং সর্বোত্তম ব্যবসায়িক অবস্থা ধরে রাখার প্রতিশ্রুতির একটি প্রমান। ব্যুরো ভেরিটাস বিশ্বের শীর্ষস্থানীয় সার্টিফিকেশন সেবা সরবরাহকারি প্রতিষ্ঠান যা এখন পর্যন্ত সামিট পাওয়ারের সকল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলোকে পরিদর্শন করেছে এবং সনদ প্রদান করেছে।

রাজধানীর স্পেক্ট্রা কনভেনশন সেন্টারে আজ এই সনদ প্রদান অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সামিট পাওয়ার লিমিটেডের ফাইন্যান্সিয়াল কন্ট্রোলার ও কোম্পানী সেক্রেটারি স্বপন কুমার পাল এসিএ, ব্যুরো ভেরিটাস (বাংলাদেশ) প্রা. লিমিটেডের হেড অফ বিজনেস ডেভেলপমেন্ট মুকুট কে বড়ুয়া, হেড অফ সার্টিফিকেশন মো. তৌফিকুল আরিফ প্রমুখ ।

**সামিট পাওয়ার লিমিটেড সম্পর্কে বিস্তারিত:**

সামিট পাওয়ার লিমিটেড দেশের বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদনে শীর্ষস্থানীয় এবং পুঁজিবাজারে তালিকাভূক্ত একটি প্রতিষ্ঠান। বর্তমানে সামিট গ্রুপ মোট ১৯৪১ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহ করছে। সম্প্রতি সামিট পাওয়ার গাজীপুরের কড্ডায় মোট ৪৪৯ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন দুটি পাওয়ার প্ল্যান্ট স্থাপন করেছে এবং যা ইতিমধ্যে বিদ্যুৎ সরবরাহ করছে। উন্নতমানের বিদ্যুৎ উৎপাদনের স্বীকৃতি স্বরূপ সামিট গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৩ সাল থেকে ধারাবাহিকভাবে সেরা খাতে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের স্বীকৃতি পেয়ে আসছে এবং ২০১৭ সাল থেকে ধারাবাহিকভাবে ক্রেডিট রেটিং এজেন্সি (CRISL) কর্তৃক ট্রিপল 'এ' রেটিং অর্জন করে আসছে।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান। ইমেইল: mohsena.hassan@summit-centre.com। মোবাইল: ০১৭১৩০৮১৯০৫।

https://summitpowerinternational.com/press-release